

আদমশুমারি দ্বারা আমেরিকায় বসবাসকারী প্রতিটি মানুষকে গণনা করা হয়।

আদমশুমারি কি?

আদমশুমারিতে ইউনাইটেড স্টেটস-এ বসবাসকারী প্রতিটি মানুষকে গণনা করা হয়।

এটি শুধুমাত্র প্রতি দশ বছর পর পর ঘটে।



নির্ধারণ করে:



জনশিক্ষা, স্বাস্থ্যসেবা, সাশ্রয়ী মূল্যের আবাসন, সামাজিক ও অর্থনৈতিক অবকাঠামো এবং আরও অনেক কিছুর জন্য রয়েছে শত শত বিলিয়ন ডলারের সরকারি তহবিল।



কংগ্রেসে নিউ ইয়র্কের যতোগুলি আসন রয়েছে।



সঠিক তথ্যের ভিত্তিতে কিভাবে আমরা স্থানীয় কর্মপন্থা, আপতৎকালীন পরিষেবা, পরিবহন, স্বাস্থ্যসেবা এবং অন্যান্য বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলি গ্রহণ করি।

লোকগণনাটি নিম্নলিখিতগুলির জন্য আমাদের শত শত বিলিয়ন ডলারের ন্যায্য অংশকে প্রভাবিত করে:



বিশেষ-চাহিদাসম্পন্ন এবং স্বল্প-আয়ের পরিবারগুলির শিশুদের জন্য সহ শিশুদের স্বাস্থ্যবীমা কর্মসূচী, শিক্ষা, শিক্ষক, উপকরণ সরবরাহ এবং স্কুল-পরবর্তী কর্মসূচী।



প্রবীণদের জন্য অগ্রাধিকার পরিষেবা, আমেরিকার বাইরে জন্মগ্রহণকারী, প্রতিবন্ধী এবং বিচারের সাথে যুক্ত নিউ ইয়র্কবাসীসহ পূর্নবয়স্কদের জন্য শিক্ষা ও চাকুরীর প্রশিক্ষণ।



খাবারসহ বয়োজ্যেষ্ঠ কেন্দ্রগুলির মানোন্নয়ন ও কর্মসূচী গ্রহণ।



সাশ্রয়ী মূল্যে আবাসন সহায়তা প্রোগ্রাম (সেকশন ৮), রক্ষণাবেক্ষণ, মেরামত এবং উন্নয়ন।

এজন্যই আমাদের সকল নিউ ইয়র্কবাসীকে গণনা করা প্রয়োজন।

যখন আপনি আদমশুমারিতে সাড়া দেন, তখন আপনি আমাদের সমাজের ভবিষ্যৎ গড়েন।

২০১০ সালে নিউ ইয়র্কবাসীদের মধ্যে মাত্র ৬২% আদমশুমারিতে নিজে থেকে সাড়া দিয়েছিলেন যা জাতীয় গড় ৭৬%-এর চাইতে কম।

২০২০ সালে যদি আরও বেশী সংখ্যক নিউ ইয়র্কবাসী সাড়া দেয় তাহলে আমাদের স্কুলের জন্য, স্বাস্থ্যসেবার জন্য এবং যেসব কর্মসূচী ও পরিষেবাগুলির উপর আমরা প্রতিদিন নির্ভর করি সেগুলির জন্য আরও বেশী অর্থ বরাদ্দ পাবো



আদমশুমারিতে কি জানতে চাওয়া হয়?

- ☑ আপনার বাসস্থানে কতজন মানুষ বসবাস করেন বা থাকেন।
- ☑ তাদের লিঙ্গ, বয়স, বর্ণ এবং জাতিসত্তা।
- ☑ আপনার বাড়িটির মালিক কি আপনি নাকি ভাড়া নেওয়া।
- ☑ আপনার বাড়ির ঠিকানা।



২০২০ সালের আদমশুমারি আপনার যে বিষয়গুলি সম্পর্কে জানতে চায়না:

- ✗ ইমিগ্রেশন বা নাগরিকত্ব সংক্রান্ত অবস্থা।
- ✗ আয়।
- ✗ সোশ্যাল সিকিউরিটি নম্বর।

আপনার তথ্য নিরাপদ থাকবে!

- 🔒 সকল উত্তর গোপনীয়, আইন দ্বারা সুরক্ষিত এবং কোনভাবেই আপনার বিরুদ্ধে ব্যবহার করা যাবেনা।
- 🔒 আইনুসারে সেন্সাস ব্যুরো আইন-প্রয়োগকারী সংস্থাসহ অন্য সরকারী সংস্থাগুলির সাথে কোন ব্যক্তিগত তথ্য বিনিময় করতে পারেনা।

এই আইন ভঙ্গের শাস্তির মধ্যে রয়েছে ৫ বছরের কারাদন্ড এবং ২,৫০,০০০ ডলার জরিমানা।



আদমশুমারির জন্য নিউ ইয়র্ক সিটি কিভাবে প্রস্তুতি নিচ্ছে?

২০১৯ সালে মেয়র ডি ব্লাসিওর প্রশাসন নিউ ইয়র্ক সিটি সেন্সাস ২০২০ চালু করেন যা ২০২০ সালের আদমশুমারিতে সকল নিউ ইয়র্কবাসীর পূর্ণাঙ্গ এবং সঠিক গণনা নিশ্চিত করার উদ্যোগের আয়োজন করা এ ধরনের প্রথম আদমশুমারি। এই কর্মসূচীর বৈশিষ্ট্যগুলি হচ্ছে:

- ➔ মেয়র ডি ব্লাসিও এর প্রশাসন এবং সিটি কাউন্সিলের আর্থিক সহযোগিতায় পূর্ণাঙ্গ গণনার জন্য নিউ ইয়র্ক সিটি তহবিল নিউ ইয়র্কবাসীদের পরিচিত এবং বিশ্বস্ত সমাজভিত্তিক সংগঠনগুলির মাধ্যমে আদমশুমারি সংক্রান্ত শিক্ষা প্রদান এবং জনসমাগমের জন্য ১৯ মিলিয়ন ডলার বিনিয়োগ করেছে।
- ➔ সাংগঠনিক অংশিদারীতে লাইব্রেরী, হাসপাতাল, ধর্মবিশ্বাস ভিত্তিক, সাংস্কৃতিক এবং উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানগুলির ৩,৫০,০০০ জনবলের শক্তিশালী কর্মীদলকে কাজে লাগানো হবে।
- ➔ প্রতিটি নিউ ইয়র্কবাসীর কাছে আদমশুমারির বার্তা পৌঁছাবার জন্য সিটির-নেতৃত্বে মার্চপর্যায় গণপ্রচার কাজ চালানো হবে। আপনার এলাকার জন্য আদমশুমারির প্রচার কাজে স্বেচ্ছাসেবী হতে এগিয়ে আসুন : nyc.gov/census

আদমশুমারি কখন শুরু হবে?

মার্চ ১২, ২০২০

my2020census.gov

প্রথমবারের মতো আপনি আদমশুমারির প্রশ্নাবলীটি অনলাইনে, বা আপনার ঠিকানায় পৌঁছে যাওয়া একটি কাগজের ফরম এ, কিংবা টেলিফোনে, একাধিক ভাষায় সম্পন্ন করতে পারবেন।

ফরমটি কিভাবে পূরণ করতে হবে আদমশুমারির অফিস থেকে পাঠানো সেই তথ্যের জন্য আপনার মেইলবক্সে দেখে নিন।

নিউ ইয়র্কের প্রতিটি পাবলিক লাইব্রেরী এবং অনেক বিশ্বস্ত সমাজভিত্তিক সংগঠনও ফরমটি পূরণ করতে সহয়তা করবে।



আরও জানতে ভিজিট করুন :
nyc.gov/census

